00001

MEGHNA BANK
together we sail

আবেদনকারীর যাচাইকৃত পাসপোর্ট সাইজ ছবি

☐ নতুন হিসাব
☐ তথ্য হালনাগাদ

# মেঘনা পে
# মোবাইল হিসাব খোলার ফরম (ব্যক্তি হিসাব)

তারিখ: দি দি মা মা ব ব ব ব     গ্রাহকের মেঘনা পে অ্যাকাউন্ট নাম্বার:

১. গ্রাহকের নাম (বাংলায়):
In English (Capital): First Name | Last Name

২. জন্ম তারিখ: দি দি মা মা ব ব ব ব     ৩. লিঙ্গ: ☐ পুরুষ ☐ মহিলা ☐ অন্যান্য

৪. পেশার বিবরণ ও আয়ের উৎস:     আনুমানিক মাসিক আয় (হাজার টাকায়):

৫. গ্রাহকের পরিচয়পত্রের ধরন: ☐ জাতীয় পরিচয়পত্র ☐ পাসপোর্ট ☐ ড্রাইভিং লাইসেন্স ☐ জন্ম সনদ (এক্ষেত্রে ছবিযুক্ত আইডি সংগ্রহ করতে হবে)

৬. গ্রাহকের পরিচয়পত্রের নাম্বার:

৭. পিতার নাম (বাংলায়):
In English (Capital): First Name | Last Name

৮. মাতার নাম (বাংলায়):
In English (Capital): First Name | Last Name

৯. স্বামী/স্ত্রীর নাম (বাংলায়):
In English (Capital): First Name | Last Name

১০. বর্তমান ঠিকানা:
(Present Address)
বাংলা | English

গ্রাম/এলাকা: উপজেলা: জেলা: পোস্টকোড:
Village: Upazilla: District: Post Code:

১১. স্থায়ী ঠিকানা:
(Permanent Address)
বাংলা | English

গ্রাম/এলাকা: উপজেলা: জেলা: পোস্টকোড:
Village: Upazilla: District: Post Code:

১২. অন্যান্য মোবাইল (যদি থাকে):

১৩. নমিনি: আমি এতদ্বারা আমার মোবাইল হিসাবে জমাকৃত অর্থ আমার অবর্তমানে নিম্নলিখিত ব্যক্তিকে বিধি মোতাবেক প্রদানের জন্য মনোনীত করলাম।

| নাম | ঠিকানা | সম্পর্ক | শতকরা ভাগ (%) | পরিচয়পত্রের ধরন |
|---|---|---|---|---|
| | | | | |
| | | | | |

জ্ঞাতব্য: মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(১) 'কোনো ব্যক্তি জ্ঞাতসারে অর্থের উৎস বা নিজ পরিচিতি বা হিসাবধারকের পরিচিতি সম্পর্কে বা কোনো হিসাবের সুবিধাভোগী বা নমিনি সম্পর্কে মিথ্যা তথ্য প্রদান করিবেন না। মানিলন্ডারিং প্রতিরোধ আইন, ২০১২ এর ধারা ৮(২) 'কোনো ব্যক্তি উপ-ধারা (১) এর বিধান লংঘন করিলে তিনি অনধিক ০৩ (তিন) বছর পর্যন্ত কারাদণ্ড বা অনূর্ধ্ব ৫০ (পঞ্চাশ) হাজার টাকা পর্যন্ত অর্থদণ্ড বা উভয় দণ্ডে দণ্ডিত হইবেন।'

গ্রাহকের অঙ্গীকারঃ আমি এই মর্মে নিশ্চয়তা প্রদান করিতেছি যে, অপর পৃষ্ঠায় ও উপরে বর্ণিত সকল তথ্য সঠিক, সত্য ও নির্ভুল এবং কোনো তথ্য গোপন করা হয় নাই। আমার জমা দেয়া সকল দলিল বৈধ। কোনো রকম ভুল তথ্য বা দলিল দেয়ার জন্য আমি আইনত দায়ী থাকব। আমি মেঘনা ব্যাংক-এর মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস এর সকল নিয়ম পড়েছি, বুঝেছি ও মেনে চলার সম্মতি প্রদান করছি। প্রদত্ত তথ্যে কোনো পরিবর্তন হলে আমি মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষকে তৎক্ষণাত অবহিত করব।

গ্রাহকের স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির ছাপ     তারিখ: দি দি মা মা ব ব ব ব

সংযুক্তি: ☐ পরিচয়পত্রের ফটোকপি ☐ আবেদনকারীর ১ কপি সম্প্রতি তোলা রঙিন ছবি ☐ নমিনীর ১ কপি সম্প্রতি তোলা রঙিন ছবি (ঐচ্ছিক)

*বিশেষ দ্রষ্টব্য: ১-১৩ অবশ্যই পূরণীয়*

**এজেন্টের ব্যবহারের জন্য**

আমি নিশ্চয়তা প্রদান করছি যে, আবেদনকারী আমার সামনে স্বাক্ষর করেছেন এবং ছবিটি আবেদনকারীর নিজের। এছাড়া হিসাব খোলায় ব্যবহৃত মোবাইল নাম্বারটি গ্রাহকের সঙ্গে ছিল।

নামসহ স্বাক্ষর, সিল এবং তারিখ

এজেন্ট মেঘনা পে অ্যাকাউন্ট নাম্বার: | | | | | | | | | | | |

**ব্যাংক ব্যবহারের জন্য**

| ক্র. | গ্রাহকের তথ্য যাচাইকরণ | হ্যাঁ/না |
|---|---|---|
| ক | হিসাবধারীর নিকট হতে গৃহীত পরিচয়পত্র যাচাইপূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না? | |
| খ | গ্রাহকের জন্য UNSCR তালিকা যাচাই করা হয়েছে কি-না? | |
| গ | গ্রাহক পরিচিতির অন্যান্য তথ্য (নাম, ঠিকানা, পেশা) যাচাই পূর্বক সঠিক পাওয়া গিয়েছে কি-না? | |
| ঘ | গ্রাহকের স্বশরীরে উপস্থিতিতে হিসাবটি খোলা হয়েছে কি-না? | |
| ঙ | গ্রাহকের মোবাইল হিসাবটি কোন ব্যাংক হিসাবের সাথে লিংক করা হয়েছে কি-না (ঐচ্ছিক)? | |
| চ | গ্রাহকের বায়োমেট্রিক তথ্য সংগ্রহ ও যাচাই করা এবং e-KYC তে যুক্ত করা হয়েছে কি-না (ঐচ্ছিক)? | |

মেঘনা পে হিসাব খোলার ফরমে উপরোক্ত তথ্যাবলি ও পরিচয়পত্র যাচাই করা হয়েছে এবং সঠিক পাওয়া গিয়েছে।

ব্যাংক কর্মকর্তা-১ এর স্বাক্ষর, সিল এবং তারিখ

ব্যাংক কর্মকর্তা-২ এর স্বাক্ষর, সিল এবং তারিখ

## নিয়ম ও শর্তাবলি

১. মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃক পরিচালিত এই মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস মেঘনা পে নামে অবহিত হবে।

২. সকল মেঘনা পে গ্রাহককে মোবাইল অ্যাকাউন্ট পরিচালনার জন্য একটি বৈধ মোবাইল নাম্বার প্রদান করতে হবে যা গ্রাহকের মেঘনা পে অ্যাকাউন্ট নাম্বার বলে বিবেচিত হবে। মেঘনা পে অ্যাকাউন্ট এর সাথে সম্পর্কিত যেকোন দলিলপত্রে গ্রাহক যদি ভুল নাম্বার ব্যবহার করেন এবং এর ফলে কোন প্রকার ক্ষতির সম্মুখীন হন সেক্ষেত্রে মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৩. গ্রাহক তার মেঘনা পে অ্যাকাউন্ট এর পিন নাম্বার কখনোই কারোর কাছে, এমনকি মেঘনা ব্যাংক পিএলসি কর্মকর্তার কাছেও প্রকাশ করবেন না। গ্রাহক পিন নাম্বার এর সর্বোচ্চ গোপনীয়তা ও নিরাপত্তা নিশ্চিত করার জন্য ব্যক্তিগতভাবে এবং এককভাবে দায়ী থাকবেন। গোপন নাম্বারের গোপনীয়তা ভঙ্গ বা অপব্যবহারের আশঙ্কা দেখা দিলে অবিলম্বে তা পরিবর্তন করতে হবে। গ্রাহক কর্তৃক অবহেলা, অসতর্কতা ভুল বা গোপন নাম্বার এর গোপনীয়তা ভঙ্গ করার ফলে অথবা পিন নাম্বার এর কোনো প্রকার অপব্যবহার এর কারণে গ্রাহক কোনোভাবে প্রতারিত এবং / অথবা ক্ষতিগ্রস্ত হলে মেঘনা ব্যাংক লিমিটেড কোনোভাবেই দায়ী থাকবে না। মোবাইল ফোন/ সিম হারিয়ে গেলে তাৎক্ষণিকভাবে মেঘনা ব্যাংকের কল সেন্টার ( ১৬৭৩৫ নম্বরে) ফোন করে অ্যাকাউন্ট স্থগিত করে দিতে হবে এবং পরবর্তী পদক্ষেপ এর জন্য এজেন্ট পয়েন্টে / ব্রাঞ্চে যোগাযোগ করতে হবে।

৪. ব্যাংকের বিবেচনায় মেঘনা পে গ্রাহকের হিসাব, লেনদেনের পরিমাণ সন্তোষজনক না হলে অথবা সন্দেহজনক হলে কোনো প্রকার পূর্ব নোটিশ ব্যতিরেকে গ্রাহকের হিসাব বন্ধ করার ক্ষমতা মেঘনা ব্যাংক সংরক্ষণ করে।

৫. মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ যে কোনো সময় বিজ্ঞপ্তি প্রদান অথবা বিজ্ঞপ্তি প্রদান ব্যতিরেকে বর্তমান নিয়মাবলীর সংশোধন, উন্নয়ন, পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করে।

৬. বাংলাদেশ ব্যাংকের প্রবিধির আলোকে মোবাইল ফিনান্সিয়াল সার্ভিসেস এর বিভিন্ন কমিশন, সার্ভিস চার্জ এবং হিসাব রক্ষণাবেক্ষণ চার্জ সময়ে সময়ে নির্ধারণের ক্ষমতা ব্যাংক সংরক্ষণ করবে।

৭. মেঘনা পে গ্রাহকের হিসাব ও লেনদেন সংক্রান্ত সকল ক্ষেত্রে সর্বোচ্চ গোপনীয়তা বজায় রাখা হবে। তবে নিম্নবর্ণিত যেকোনো ক্ষেত্রে গ্রাহক সংক্রান্ত যে কোনো তথ্য প্রকাশ/ প্রদান করার ক্ষমতা মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

- ব্যাংক এর উপর এখতিয়ারপ্রাপ্ত নিয়ন্ত্রণকারী, তত্ত্বাবধানকারী অথবা সরকারি কোনো কর্তৃপক্ষের প্রয়োজনে।
- আদালতের আদেশ অথবা আইন অনুযায়ী অনুমোদিত কোনো ব্যক্তির প্রয়োজনে।
- মেঘনা ব্যাংক পিএলসির যেকোনো সেবা প্রদানকারী অথবা আর্থিক প্রতিষ্ঠান বা সংস্থার নিকট বিভিন্ন অনুমোদিত কার্যক্রম সম্পাদনের উদ্দেশ্যে।

৮. যদি গ্রাহক ব্যাংক কর্তৃক নির্ধারিত কোনো শর্ত অথবা শর্তের অংশবিশেষ লংঘন করেন, তবে ব্যাংক মোবাইল ব্যাংকিং এর আওতাভুক্ত সেবা অথবা সেবাসমূহ স্থগিত অথবা স্থায়ীভাবে বন্ধ করার ক্ষমতা রাখে।

৯. মোবাইল ব্যাংকিং আর্থিক সেবা ব্যবহারের পূর্বে মেঘনা পে অ্যাকাউন্টে পর্যাপ্ত পরিমাণ টাকা জমা থাকতে হবে। মেঘনা পে অ্যাকাউন্টে পর্যাপ্ত ব্যালান্স এর অভাবে যদি লেনদেন সম্পন্ন না হয় তবে তার জন্য কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

১০. পূর্ব নোটিশ ব্যতিত যে কোনো হিসাব বিদ্যমান স্থিতিতে গ্রাহকের যে কোনো দায় দেনার বিপরীতে বিবেচনা করে উক্ত স্থিতি দায় দেনার নিষ্পত্তিতে ব্যবহার করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে।

১১. গ্রাহকের মৃত্যু সংবাদ পর্যাপ্ত হলে গ্রাহকের মেঘনা পে অ্যাকাউন্ট স্থগিত/বন্ধ করার অধিকার ব্যাংক সংরক্ষণ করে। এক্ষেত্রে পরবর্তীতে উপযুক্ত তথ্য প্রমাণের ভিত্তিতে যথাযত কর্তৃপক্ষের নির্দেশনা অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।

১২. তথ্য সংশোধনের ক্ষেত্রে গ্রাহককে সংশ্লিষ্ট এজেন্টের/ ব্রাঞ্চের সাথে যোগাযোগ করে পরবর্তী পদক্ষেপ সম্পর্কে জানতে হবে।

১৩. গ্রাহক কাউন্টার/ এজেন্ট পয়েন্ট ত্যাগ করার পূর্বে তার উদ্দিষ্ট অ্যাকাউন্টে অথবা অ্যাকাউন্ট থেকে যথাযথ পরিমাণ ক্যাশ ইন/ক্যাশ আউট/পেমেন্ট ইত্যাদি সম্পন্ন হয়েছে কিনা সে ব্যাপারে নিশ্চিত হবে। পরবর্তীতে কোনো প্রকার অভিযোগ গ্রহণযোগ্য হবে না।

১৪. মানি লন্ডারিং প্রতিরোধ আইন-২০১২, সন্ত্রাস বিরোধী আইন-২০০৯ ও বাংলাদেশ ব্যাংক কর্তৃক জারীকৃত সার্কুলার নীতিমালা অনুযায়ী গ্রাহক, মেঘনা ব্যাংক পিএলসির চাহিদা মোতাবেক যে কোনো তথ্য ব্যাংক কর্তৃপক্ষকে প্রদান করতে বাধ্য থাকবে।

১৫. অ্যাকাউন্ট সংশ্লিষ্ট সিম কার্ড এবং সিম কার্ড প্রতিস্থাপন সংক্রান্ত যাবতীয় বিষয়াদির জন্য একমাত্র গ্রাহকই দায়ী থাকবে। মেঘনা ব্যাংক পিএলসি দায়ী থাকবে না।

১৬. মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ উপযুক্ত নিয়মনীতি অনুসারে যেকোনো সময় গ্রাহকের কাছে প্রচার সংক্রান্ত ফোন কল অথবা এসএমএস পাঠানোর অধিকার সংরক্ষণ করে।

১৭. গ্রাহক তার অ্যাকাউন্ট সম্পূর্ণরূপে বন্ধ করতে চাইলে উক্ত অ্যাকাউন্টে জমাকৃত টাকা শুধুমাত্র যে কোনো মেঘনা পে অ্যাকাউন্ট সেবা ব্যবহার করা সাপেক্ষে শূন্য করে অ্যাকাউন্ট বন্ধ করার আবেদন করতে পারবে।

১৮. গ্রাহক মেঘনা পে সেবা সংক্রান্ত যেকোনো অভিযোগ মেঘনা ব্যাংক পিএলসির ব্রাঞ্চে এসে অথবা কল সেন্টার (১৬৭৩৫ ) এ ফোন করে অথবা ইমেইল (supportmeghnapay@meghnabank.com.bd) করে জানাতে পারবে। মেঘনা ব্যাংক পিএলসি কর্তৃপক্ষ সবসময় মেঘনা পে গ্রাহকের লেনদেন সম্পর্কিত কোনো অভিযোগ মীমাংসা করার জন্য তদন্ত পরিচালনা, অভিযোগকারী এবং / অথবা অভিযুক্ত মেঘনা পে গ্রাহককে মেঘনা ব্যাংক পিএলসির কার্যালয়ে ডেকে পাঠানো, মেঘনা পে গ্রাহকের অ্যাকাউন্ট স্থগিত করা, বন্ধ করা, নিষ্পত্তি করাসহ মেঘনা ব্যাংক পিএলসির বিবেচনায় সঠিক যে কোনো সংশোধনমূলক বা আইনগত ব্যবস্থা গ্রহণ করার অধিকার সংরক্ষণ করে।

১৯. গ্রাহক হিসাব পরিচালনা সংশ্লিষ্ট উপরে উল্লিখিত সকল শর্ত পড়ে, বুঝে সম্মতি প্রদান করেছেন বলে গণ্য হবে।

আমি আরো ঘোষণা করছি যে, আমি মানি লন্ডারিং প্রতিরোধ আইন- ২০১২ এবং সন্ত্রাস বিরোধী আইন - ২০০৯-এর প্রয়োজনীয় বিধিবিধান জেনে তা প্রতিপালন করার অঙ্গীকার করছি। আমি নিশ্চিত করছি যে, মেঘনা পে অ্যাকাউন্ট সেবা ব্যবহার করে আমার লেনদেনকৃত সকল অর্থ আইন মেনে অর্জিত এবং এই সেবা কোনো বেআইনি কার্যকলাপে ব্যবহার হবে না। আমি আরো সম্মতি দিচ্ছি যে, সময় সাপেক্ষে উপরোক্ত শর্তাবলীর যদি কোনো সংশোধন, সংযোজন, বিয়োজন বা পরিবর্তন হয়, সেসব শর্তাবলীও আমি মেনে চলতে বাধ্য থাকবো।

গ্রাহকের স্বাক্ষর/বৃদ্ধাঙ্গুলির ছাপ

তারিখ: | দি | ন | মা | স | ব | ৎ | স | র |